

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১০০

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পাগড়ীতে মাসহে করা প্রসঙ্গে।

### باب مَا جَاءَ فِي الْمَسْحِ عَلَى الْعِمَامَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ، عَنْ سُلَيْمَانَ التَّيْمِيِّ، عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ الْمُزَنِيِّ، عَنْ الْحَسَنِ، عَنْ ابْنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ، عَنْ أَبِيهِ، قَالَ تَوَضَّأَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَسَحَ عَلَى الْخُفَّيْنِ وَالْعِمَامَةِ . قَالَ بَكْرٌ وَقَدْ سَمِعْتُ مِنْ ابْنِ الْمُغِيرَةِ . قَالَ وَذَكَرَ مُحَمَّدُ بْنُ بَشَّارٍ فِي هَذَا الْحَدِيثِ فِي مَوْضِعٍ آخَرَ أَنَّهُ مَسَحَ عَلَى نَاصِيَتِهِ وَعِمَامَتِهِ . وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهِ عَنْ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ ذَكَرَ بَعْضُهُمُ الْمَسْحَ عَلَى النَّاصِيَةِ وَالْعِمَامَةِ وَلَمْ يَذْكُرْ بَعْضُهُمُ النَّاصِيَةَ . وَسَمِعْتُ أَحْمَدَ بْنَ الْحَسَنِ يَقُولُ سَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ يَقُولُ مَا رَأَيْتُ بَعِيْنِي مِثْلَ يَحْيَى بْنِ سَعِيدٍ الْقَطَّانِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَمْرِو بْنِ أُمَيَّةَ وَسَلْمَانَ وَثَوْبَانَ وَأَبِي أُمَامَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلٌ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَأَنَسٌ . وَبِهِ يَقُولُ الْأَوْزَاعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ قَالُوا يَمْسَحُ عَلَى الْعِمَامَةِ . وَقَالَ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالتَّابِعِينَ لَا يَمْسَحُ عَلَى الْعِمَامَةِ إِلَّا أَنْ يَمْسَحَ بِرَأْسِهِ مَعَ الْعِمَامَةِ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَمَالِكِ بْنِ أَنَسٍ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ . قَالَ أَبُو عِيسَى وَسَمِعْتُ الْجَارُودَ بْنَ مُعَاذٍ يَقُولُ سَمِعْتُ وَكِيعَ بْنَ الْجَرَّاحِ يَقُولُ إِنَّ مَسْحَ عَلَى الْعِمَامَةِ يُجْزِئُهُ لِلْأَثَرِ .

বাংলা

১০০. মুহাম্মাদ ইবনু বাশশার .... মুগীরা শু'বা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম উযু (ওজু/অজু/অযু) করা হলে চামড়ার মোজা ও পাগড়ির উপর মাসেহ করেছেন। - সহিহ আবু দাউদ ১৩৭-১৩৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০০ [আল মাদানী প্রকাশনী]

বকর বলেন, আমি ইবনুল মুগীরা থেকে সরাসরিও এই হাদিসটি শুনেছি। অন্যস্থলে মুহাম্মাদ ইবনু বাশশার এই হাদিসটিতে উল্লেখ করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কপাল ও পাগড়িতে মাসেহ করেছেন। একাধিক সূত্রে মুহীরা ইবনু শু'বা রাদিয়াল্লাহু আনহু থেকে এই হাদিসটি বর্ণিত আছে। কোন কোন রাবী "কপাল ও পাগড়ি" উভয়ের কথা উল্লেখ করেছেন। আর কেউ কেউ কপালের কথা উল্লেখ করেননি। আহমদ ইবনুল-হাসানকে বলতে শুনেছি যে, আহমদ ইবন হাম্বল বলেছেনঃ ইয়াহইয়া ইবনু সাঈদ আল- কাত্তানের মত উত্তম লোক আমার দু'চোখে দেখিনি।

এই বিষয়ে আমার ইবনু উমায়্যা, উমার ও আনসা রাদিয়াল্লাহু আনহু এর মত একাধিক সাহাবীর বক্তব্য এ-ই। ইমাম আওয়াঈ, আহমদ এবং ইসহাক রাদিয়াল্লাহু আনহু ও এই অভিমত পোষণ করেন। তারা বলেন, পাগড়ির উপর মাসেহ করা যায়। সাহাবী ও তাবিঈদের একাধিক ফিকহবিদ বলেন, পাগড়ির সাথে সাথে মাথা মাসেহ না করে কেবল পাগড়ি মাসেহ করলে যথেষ্ট হবে না। সুফইয়ান ছাওরী, মালিক ইবনু আনাস, ইবন মুবারক ও ইমাম শাফিঈ (রহঃ) এরও বক্তব্য এ-ই। ইমাম আবু ঈসা তিরমিজী বলেনঃ বলেন আমি জারুদ ইবনু মু'আযকে বলতে শুনেছি যে, ওয়াকী' ইবনুল জাররাহ বলেছেনঃ এই বিষয়ে বর্ণিত হাদিস রয়েছে বিধায় পাগড়ি উপর মাসেহ উযুর জন্য যথেষ্ট বলে গণ্য হবে।

## English

Ibn Al-Mughirah bin Shu'bah narrated from his father:  
"The Prophet performed Wudu and wiped over the Khuff and 'Imamah." Abu Bakr (one of the narrators) said: "And indeed I heard it from Ibn Al Mughirah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=16423>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন